

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৬২

আগরতলা, ১৪ নভেম্বর, ২০২৩

সাংবাদিক সম্মেলনে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক

বিপর্যয় মোকাবিলার সাথে যুক্ত ব্যক্তিদের নিয়মিত প্রশিক্ষণ দেওয়া হচ্ছে

পশ্চিম ত্রিপুরা জেলায় গত ছয় বছরে বিপর্যয় মোকাবিলা খাতে ভ্রান্ত সামগ্রী বন্টনে ২৬ কোটি ৬১ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এর মধ্যে কোভিড-১৯ চলাকালীন সময়ে এই খাতে ব্যয় হয়েছে ৭ কোটি ৭২ লক্ষ টাকা। পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ডাঃ বিশাল কুমার আজ বিকেলে জেলাশাসক অফিসের কনফারেন্স হলে এক সাংবাদিক সম্মেলনে এসংবাদ জানান। তিনি বলেন, জেলায় প্রশাসনের পক্ষ থেকে বিপর্যয় মোকাবিলার সাথে যুক্ত ব্যক্তিদের নিয়মিত প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

সাংবাদিক সম্মেলনে জেলাশাসক জানান, ২০ ১৮- ১৯ সাল থেকে শুরু করে এখন পর্যন্ত বিভিন্ন বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত ১৫ হাজার লোকের মধ্যে এই ভ্রান্ত সামগ্রী বন্টন করা হয়েছে। এর মধ্যে ঘর ক্ষতিগ্রস্ত হওয়ার জন্য ৯ হাজারের মতো ব্যক্তি সহায়তা পেয়েছেন। তিনি জানান, যেকোন ধরণের বিপর্যয় মোকাবিলার জন্য পশ্চিম জেলা প্রশাসন সম্পূর্ণভাবে প্রস্তুত রয়েছে। জেলা প্রশাসনের কাছে উচ্চ গুণমানসম্পন্ন সহায়ক সামগ্রী রয়েছে। বিপর্যয় মোকাবিলার সঙ্গে যুক্ত সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের সঙ্গে সমন্বয় রেখে বিভিন্ন কর্মসূচি নেওয়া হচ্ছে। বিপর্যয়ের দিকটি স্মরণে রেখে সমস্ত সরকারি নিয়মাবলী মেনে ঘর তৈরীর জন্য জেলাশাসক সাধারণ মানুষকে পরামর্শ দিয়েছেন। যেকোন ধরণের বিপর্যয়ের সম্মুখীন হলে সেবিষয়ে তৎক্ষনাত্মক জেলা প্রশাসনকে অবহিত করার জন্য তিনি সবার প্রতি অনুরোধ জানিয়েছেন। জেলাশাসক জানান, এবিষয়ে একটি হেল্প লাইন খোলা রয়েছে। যেকোন মানুষ এর সহায়তা নিতে পারেন। হেল্প লাইনের নম্বর হচ্ছে ০৩৮১ ২৩২ ১০৭৭ (টেল ফ্রি)।
